

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (ইউসিবি)

নবীনগর শাখা, হাজী নিজাম প্লাজা, আশুলিয়া, সাভার, ঢাকা।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক

বন্ধকী সম্পত্তি নিলামে বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, জনাব মোঃ ইয়াকুব হোসেন আনোয়ার, পিতা-হাজী মৃত দেলোয়ার হোসেন, মাতাঃ মোছাঃ জরিলা বেগম, ব্যবসায়িক ঠিকানা : মেসার্স আমিন জেনারেল স্টোর, সমিরউদ্দিন সুপার মার্কেট-২, সাং পল্টীবিদ্যুৎ বাজার, ডাকঘরঃ সাভার ক্যান্টনমেন্ট, ডেডাবর, থানাঃ আশুলিয়া, জেলাঃ ঢাকা, বর্তমান ঠিকানা : সাং পলাশবাড়ী, ডাকঘরঃ সাভার ক্যান্টনমেন্ট, থানাঃ আশুলিয়া, জেলাঃ ঢাকা, স্থায়ী ঠিকানা-গ্রাম ও পোঃ লক্ষীয়ারা, থানা : ফেনী, জেলা : ফেনী, কর্তৃক ইউসিবি, নবীনগর শাখা, আশুলিয়া, সাভার, ঢাকা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে ঋণগ্রহীতা মোঃ ইয়াকুব হোসেন আনোয়ার ও তাহার ভ্রাতা মোঃ জাকির হোসেন তাহাদের মালিকানাধীন নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আম-মোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ২১/০৯/২০১৭ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ১২,৮০,০০০/- (বার লক্ষ আশি হাজার) টাকা মাত্র সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তির তফসিল

জেলা- ঢাকা, থানা- আশুলিয়া, সাব রেজিস্ট্রি অফিস- আশুলিয়া, মৌজা- পলাশবাড়ী, জেএল নং সাবেক ৫৬৫, এস এ- ৮১, আর এস- ৮০, সিএস খতিয়ান নং-৩৩, এস এ খতিয়ান নং-৬৫, আর এস খতিয়ান নং- ৬৪, সি এস ও এস এ দাগ নং-৩০, আর এস- দাগ নং ৪৬, জমির পরিমাণ ৪.৬২ শতাংশ ও তদুপরিস্থিত যাবতীয় স্থাপনাদী যাহার চৌহদ্দী : উত্তরে- প্রস্তাবিত রাস্তা, দক্ষিণে- ইউনিক কো-অপারেটিভ সোসাইটির জমি, পূর্বে- খালি জায়গা, এবং পশ্চিমে- ওসমান গনির জমি।

নিলামের শর্তাবলী

(১) আগামী ১৫/১০/২০১৭ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, নবীনগর শাখা, আশুলিয়া, সাভার, ঢাকা বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

(২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, নবীনগর শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

(৩) অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে

জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।

(৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্ন স্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

(৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।

(৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।

(৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

(৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, নবীনগর শাখা, আশুলিয়া, সাভার, ঢাকা।